# নিউ ইয়র্ক সিটি মানবাধিকার আইন: চাকরিদাতা হিসেবে ব্যবসায়িক প্রতিষ্ঠানের দায়বদ্ধতা

নিউ ইয়র্ক সিটি মানবাধিকার কমিশন (New York City Commission on Human Rights,NYCHR) হলো NYC ব্যবসায়িক প্রতিষ্ঠানগুলিকে অন্তর্ভুক্তিকর চাকরিদাতা হতে সাহায্য করার জন্য এবং NYC মানবাধিকার আইন (NYC Human Rights Law, NYCHRL) মান্য করতে সাহায্য করার জন্য একটি সংস্থান। **এই নথিটি NYCHRL এর অধীনে চাকরিদাতাদের যেসকল দায়বদ্ধতা আছে তার সারসংক্ষেপ প্রদান করে, যা বহু ক্ষেত্রে স্টেট এবং ফেডারেল আইনের তুলনায় বেশি বিস্তৃত।**

## চাকরিদাতাদের যা জানা উচিত: NYCHRL অনুযায়ী বৈষম্য নিষিদ্ধ

- কর্মচারী, ইন্টার্ন, চাকরি সন্ধানী, এবং স্বাধীন ঠিকাদারদের বিরুদ্ধে যার উপর ভিত্তি করে বৈষম্য অবৈধ: বয়স; গ্রেফতার বা শাস্তির রেকর্ড; কেয়ারগিভার হওয়া; বর্ণ; ক্রেডিট ইতিহাস; অক্ষমতা; লিঙ্গ; লিঙ্গ পরিচিতি; অভিবাসন অবস্থা; বৈবাহিক বা পার্টনারশিপ অবস্থা; সামরিক সেবা; জাতীয়তার উৎস; গর্ভাবস্থা; জাতি; ধর্ম/ক্রিড; বেতনের ইতিহাস; যৌন ও প্রজনন সংক্রান্ত স্বাস্থ্য সিদ্ধান্ত; সেক্সুয়াল ওরিয়েন্টেশন; গৃহনির্যাতন, যৌন সহিংসতা, বা স্টকিংয়ের শিকার হওয়া; বেকার অবস্থা; ওজন এবং উচ্চতা (যা 22 নভেম্বর, 2023 থেকে শুরু হবে)।
- NYCHRL এর অধিকাংশ প্রবিধান এমন কর্মক্ষেত্রের জন্য প্রযোজ্য যেখানে চার বা অধিক কর্মচারী রয়েছে বা এক বা একাধিক গৃহকর্মী রয়েছে। সকল কর্মক্ষেত্রকে অবশ্যই যৌন হয়রানিমুক্ত হতে হবে।
- পূর্ণকালীন, খণ্ডকালীন কর্মচারী, এমনকি ইন্টার্নরাও (সবেতন বা বেতনহীন), সুরক্ষিত।

## NYCHRL এর অধীনে চাকরিদাতাদের দায়বদ্ধতা:*

**কর্মচারীদের তাদের অধিকার ও সুরক্ষা সম্পর্কে শিক্ষাদান,** যার মধ্যে নিয়োগ, চাকরির সময়, চাকরিচ্যুতির সময় বাস্তব বা অনুভূত সংরক্ষিত বিভাগের ভিত্তিতে বৈষম্যমুক্ত হওয়ার অধিকার এবং প্রতিহিংসামুক্ত হওয়ার অধিকার রয়েছে।

- কর্মক্ষেত্রে ইংরেজি ও স্প্যানিশ ভাষায় একটি লিখিত যৌন হয়রানির সুরক্ষার বিবরণ এবং আইনি নোটিশ পোস্ট প্রদান করা (সকল চাকরিদাতার জন্য প্রযোজ্য) এবং কর্মচারীরা যাতে বার্ষিকভাবে যৌন হয়রানি সম্পর্কিত প্রশিক্ষণ লাভ করে তা নিশ্চিত করা (15 বা তার বেশি কর্মচারীসহ সকল চাকরিদাতার জন্য প্রযোজ্য)।
- গর্ভাবস্থার বন্দোবস্তসমূহের নোটিশ পোস্ট করা (4 বা অধিক কর্মচারী রয়েছে বা এক বা একাধিক গৃহকর্মীসহ চাকরিদাতার জন্য আবশ্যিক)।
- **একটি দুগ্ধপান করানোর নীতিমালা এবং দুগ্ধপান করানোর যথাযথ স্থান রাখা।** দুগ্ধপান করানোর জন্য একটি পরিষ্কার, অ্যাক্সেসিবল, এবং প্রবাহমান পানির ব্যবস্থা রয়েছে এমন একান্ত একটি স্থান পাওয়া কর্মচারীদের অধিকার।
- **কমিশনের অধিকারের নোটিশ পোস্ট করা** সেরা অনুশীলন।

**চাকরির বিজ্ঞাপনে একটি বেতনের ব্যাপ্তি যোগ করা।** পদ তালিকাভুক্ত করার সময় তারা সর্বনিম্ন ও সর্বোচ্চ যেই বেতন প্রদান করবে বলে বিশ্বাস করে, চাকরিদাতাদের তা উল্লেখ করতে হবে।

### নিয়োগের জন্য একটি অন্তর্ভুক্তিকর পন্থা গ্রহণ করা

- আবেদন প্রক্রিয়ার কোনো সময় বেতনের ইতিহাস বা ক্রেডিট ইতিহাস নিয়ে প্রশ্ন করা যাবে না (এইসব প্রশ্ন সকল সময়ের জন্য নিষিদ্ধ)।
- অপরাধ ইতিহাস নিয়ে প্রশ্ন করা যাবে না (এইসব প্রশ্ন অধিকাংশ চাকরির ক্ষেত্রে শর্তসাপেক্ষের অফার প্রদানের পূর্ব পর্যন্ত নিষিদ্ধ) বা NYCHRL এর প্রক্রিয়া অনুসরণ না করে পূর্বের সাজার ভিত্তিতে কোনো বিরূপ পদক্ষেপ গ্রহণ করা যাবে না।

**কর্মচারীদের জন্য যুক্তিসঙ্গত বন্দোবস্ত প্রদান করা।** এর মধ্যে কাজের সময়সূচি পরিবর্তন, বা দায়িত্বের পরিবর্তন, বা ভৌতিক সংশোধন বা সমর্থক সফটওয়্যার থাকতে পারে যা চাকরির অত্যাবশ্যকীয় কাজ করা ব্যক্তির জন্য সহজ করবে, যদি না তা ব্যবসা প্রতিষ্ঠানের জন্য কষ্টসাধ্য হয়।

- নিম্নলিখিত সংরক্ষিত বিভাগের জন্য যুক্তিসঙ্গত বন্দোবস্ত আবশ্যিক:
    - অক্ষমতা; গর্ভাবস্থা বা সম্পর্কিত মেডিকেল অবস্থা; ধর্মীয় প্ল্যান; গৃহনির্যাতন, যৌন সহিংসতা, বা স্টকিংয়ের শিকার হওয়া; এবং দুগ্ধপান করানো।

## প্রয়োগ:

- NYCHRL এর অধীনে দায়বদ্ধ চাকরিদাতাদের অবশ্যই আইন এবং মানবাধিকার কমিশনের নিয়ম ও প্রক্রিয়া মান্য করতে হবে। কর্মচারীরা আইন মান্য করছে কিনা তা নিশ্চিত করার জন্য কমিশন একটি তদন্ত শুরু করতে পারে। চাকরিদাতাদেরকে অবশ্যই কমিশনের যোগাযোগ এবং উপদেশমূলক চিঠির সাড়াদান করতে হবে।
- মানবাধিকার আইন লঙ্ঘন করা চাকরিদাতাদেরকে ঐচ্ছিক লঙ্ঘনের ক্ষেত্রে 250,000 মার্কিন ডলার পর্যন্ত নাগরিক জরিমানার জন্য দায়বদ্ধ করা যেতে পারে। এছাড়াও কমিশন ভিকটিমের আবেগিক চাপের ক্ষতি এবং অন্যান্য প্রতিকার মূল্যায়ন করতে পারে, এবং এর জন্য লঙ্ঘনকারীর জন্য প্রশিক্ষণ গ্রহণ এবং কমিউনিটি সার্ভিসের মতো অন্যান্য প্রতিকারকে কমিশন বাধ্যতামূলক করতে পারে।

## NYC মানবাধিকার কমিশনের সাথে কীভাবে যোগাযোগ করবেন:

- ফোন করে: (212) 416-0197।
- অনলাইনে: NYC.gov/HumanRights এ গিয়ে যে কেউ বৈষম্যের অভিযোগ করতে পারবে, একটি বেনামি সূত্র প্রদান করতে পারবে, মানবাধিকার আইনে তাদের অধিকার ও দায়িত্ব সম্পর্কে আরো জানতে পারবে, বা একটি বিনামূল্যের কর্মশালার জন্য সাইন আপ করতে পারবে।

**** একাধিক ভাষায় আইনি নোটিশ, ফ্যাক্ট শিট, এবং সিটির মানবাধিকার আইন সম্পর্কিত বহুল জিজ্ঞাসিত প্রশ্ন (Frequently Asked Questions, FAQ) কমিশনের ওয়েবসাইটে পাওয়া যাবে: https://www1.nyc.gov/site/cchr/media/publications.page.***

**স্টেট এবং ফেডারেল আইনও কর্মক্ষেত্রে বৈষম্যকে নিষিদ্ধ করে।**